Notice is hereby given to the General Public that the company proposes to make application to the Central Government (Regional Director) Eastern Region under section 13 of the Companies Act, 2013 seeking confirmation of alteration of the Memorandum of Association of the Company in terms of the special resolution passed at the Annual general meeting held on **25th September, 2020** to enable the company to change its Registered office from **"State of West Bengal" to " State of Maharashtra ".**

Any person whose interest is likely to be affected by the proposed change of the registered office of the company may deliver either on the MCA-21 portal (www.mca.gov.in) by filing investor complaint form or cause to be delivered or send by registered post of his/her objections supported by an affidavit stating the nature of his/her interest and grounds of opposition to the **Regional Director at Regional Director, Eastern Region, 2nd. M.S.O. Building, 3rd. Floor, Nizam Palace, 234/4, A.J.C. Bose Road, Kolkata-700020** within fourteen days of the date of publication of this notice with a copy to the applicant company with a copy of the applicant company at its registered office at the address mentioned below: **Dr. H. L. Roy Building (Iliche), Raja Subodh Chandra Mullick Road, Kolkata WB 700032 IN, West Bengal.**

For and on behalf of the Applicant
Indian Chemical Council
Sd/-
Ravi Goenka
Director
DIN: 00059267

Date: 24.10.2020
Place: Kolkata

BEFORE THE NATIONAL COMPANY LAW TRIBUNAL
DIVISION BENCH, CHENNAI
FORM NO. CAA. 2
[Pursuant to Section 230(3) and rule 6 and 7]
CA/324/CAA/2020
In the matter of:
Sections 230 to 232 and other applicable Provisions of the Companies Act, 2013;
And
In the matter of Scheme of Arrangement
between Severn Glocon India Private Limited and
Severn Glocon Valves Private Limited and their respective shareholders and creditors

Severn Glocon Valves Private Limited,
a company incorporated and registered under the provisions of the Companies Act, 2013 and having its registered office at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India **...Applicant/ Resulting Company**

Notice and Advertisement of notice of the meeting of the Equity Shareholders
To,
The Equity Shareholders of Severn Glocon Valves Private Limited

NOTICE is hereby given that by an order dated 6 October 2020, the National Company Law Tribunal, Division Bench, Chennai (**"the Tribunal"**) has directed the meeting of the Equity Shareholders of the Resulting Company for the purpose of considering, and if thought fit, approving with or without modification, the Scheme of Arrangement between Severn Glocon India Private Limited and Severn Glocon Valves Private Limited and their respective shareholders and creditors ('the Scheme').

In pursuance of the said order and as directed therein, further notice is hereby given that a meeting of the Equity Shareholders of the Resulting Company be convened and held at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India through video conferencing via Zoom [https://zoom.us/j/97724087340?pwd=Tk1ZdzJvSnJ0Z111UjdEN2pudFhBQT09] on 30 November 2020 at 5:15 P.M. and the said Equity Shareholders of the Resulting Company are requested to attend the meeting.

The quorum for the Meeting shall be 2 (Two) Members. In case the quorum is not in place at the designated time, the Meeting shall be adjourned by half an hour and thereafter, the shareholders present for voting shall be deemed to constitute the quorum.

Copies of the Scheme of Arrangement and of the Statement under Section 230 and other applicable provisions of the Companies Act, 2013 can be obtained free of charge at the Registered Office of the Resulting Company.

Persons entitled to attend and vote at the meeting may vote in person or by proxy, provided that all proxies in the prescribed form are deposited at the Registered Office of the Resulting Company at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India, not later than 48 hours before the Meeting.

The Tribunal has appointed Mr. Arun Karthik Mohan, failing which, the directors / managing directors of the Resulting Company as the Chairman of the said Meeting. The above mentioned Scheme of Arrangement, if approved by the Meeting, will be subject to the subsequent approval of the Tribunal.

Sd/-
Mr Arun Karthik Mohan
Chairman appointed for the Meeting

Place : Chennai
Date : 28/10/2020

BEFORE THE NATIONAL COMPANY LAW TRIBUNAL
DIVISION BENCH, CHENNAI
FORM NO. CAA. 2
[Pursuant to Section 230(3) and rule 6 and 7]
CA/323/CAA/2020
In the matter of:
Sections 230 to 232 and other applicable Provisions of the Companies Act, 2013;
And
In the matter of Scheme of Arrangement
between Severn Glocon India Private Limited and
Severn Glocon Valves Private Limited and their respective shareholders and creditors

Severn Glocon India Limited,
a company incorporated and registered under the provisions of the Companies Act, 1956 and having its registered office at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India **...Applicant/ Demerged Company**

Notice and Advertisement of notice of the meeting of the Unsecured Creditors
To,
The Unsecured Creditors of Severn Glocon India Limited

NOTICE is hereby given that by an order dated 6 October 2020, the National Company Law Tribunal, Division Bench, Chennai (**"the Tribunal"**) has directed the meeting of the Unsecured Creditors of the Demerged Company for the purpose of considering, and if thought fit, approving with or without modification, the Scheme of Arrangement between Severn Glocon India Private Limited and Severn Glocon Valves Private Limited and their respective shareholders and creditors ('the Scheme').

In pursuance of the said order and as directed therein, further notice is hereby given that a meeting of the Unsecured Creditors of the Company be convened and held at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India through video conferencing via National Securities Depository Limited [https://www.evoting.nsdl.com/] on 30 November 2020 at 4:15 P.M. and the said Unsecured Creditors of the Company are requested to attend the meeting.

The quorum for the Meeting shall be 20 (Twenty) Members constituting 25% or more of the value of the unsecured credit. In case the quorum is not in place at the designated time, the Meeting shall be adjourned by half an hour and thereafter, the unsecured creditors present for voting shall be deemed to constitute the quorum.

Copies of the Scheme of Arrangement and of the Statement under Section 230 and other applicable provisions of the Companies Act, 2013 can be obtained free of charge at the Registered Office of the Company.

Persons entitled to attend and vote at the meeting may vote in person or by proxy, provided that all proxies in the prescribed form are deposited at the Registered Office of the Company at F 96 & F 97, SIPCOT Industrial Park, Irungattukottai, Chennai 602 105, Tamil Nadu, India, not later than 48 hours before the Meeting.

The Tribunal has appointed Mr. Arun Karthik Mohan, failing which, the directors / managing directors of the Company, as the Chairman of the said Meeting. The above mentioned Scheme of Arrangement, if approved by the Meeting, will be subject to the subsequent approval of the Tribunal.

Sd/-
Mr Arun Karthik Mohan
Chairman appointed for the Meeting

Place : Chennai
Date : 28/10/2020

বোনাস বিক্ষোভ

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৭ অক্টোবর ঃ পুজো বোনাসের দাবিতে ঠিকা শ্রমিকরা বিক্ষোভ মিছিল করলেন শ্যামসুন্দরপুর কোলিয়ারিতে। মঙ্গলবার বাঁকোলা এরিয়ার শ্যামসুন্দরপুর কোলিয়ারিতে পুজো বোনাসের দাবিতে মিছিল করে বিক্ষোভ দেখান ঠিকা শ্রমিকরা। শারদোৎসব শেষ হয়ে গেছে, তবু এখনও মেলেনি পুজোর বোনাস। ঠিকা শ্রমিকদের অভিযোগ, কর্তৃপক্ষ ও ঠিকাদারদের যোগসাজশে উৎসবে বঞ্চিত করা হয়েছে তাঁদের। ঠিকা শ্রমিকদের অভিযোগ, গত বছরও একই পরিস্থিতি তৈরি হয়েছিল। তবে লাগাতার আন্দোলনের ফলে শেষ পর্যন্ত ৮.৩৩ শতাংশ বোনাস মিলেছিল। এবার সেটাও দেয়নি ঠিকাদাররা। ফলে পুজোর মরশুমে চরম সমস্যায় পড়েছেন শ্যামসুন্দরপুর কোলিয়ারির প্রায় ৩০০ ঠিকা শ্রমিক। দাবি আদায়ে তৃণমূলের শ্রমিক সংগঠনের নেতৃত্বে একজোট হয়ে আন্দোলনে নেমেছেন শ্রমিকরা। সংগঠনের পক্ষে শ্রমিক নেতা সোমনাথ চট্টোপাধ্যায় জানান, কর্তৃপক্ষ ও ঠিকাদাররা সুপ্রিম কোর্ট ও হাইপাওয়ার কমিটির সুপারিশ এখানে এখনও কার্যকর করেনি। ফলে বর্ধিত বেতন সহ অন্যান্য আর্থিক সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন শ্রমিকরা। দাবি আদায়ে চলতি মাসের ১৬ তারিখ থেকে শ্যামসুন্দরপুর কোলিয়ারিতে শ্রমিকরা কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন। যতক্ষণ না হাইপাওয়ার কমিটির সুপারিশ কার্যকর ও পুজোর বোনাস দেওয়া হচ্ছে ততদিন আন্দোলন চলবে বলে জানান তিনি।

গুলি করে খুন

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৭ অক্টোবর ঃ বিজয়া দশমীর রাতে খুনের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়াল। ঘটনাটি ঘটেছে কোচবিহার জেলার দিনহাটা মহকুমার সিতাই থানার অন্তর্গত ব্রহ্মত্তরচাতরা গ্রাম পঞ্চায়েতের ৫৩৮ সিঙ্গিমারি গ্রামে। মৃত ব্যক্তির নাম রুহিদাস বিশ্বাস(৫০)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সোমবার রাত সাড়ে বারোটা নাগাদ রুহিদাস বিশ্বাস তাঁর ঘরের বিছানায় বসে ছিলেন। হঠাৎ দুষ্কৃতীরা ঘরের দরজা থেকে তাকে লক্ষ্য করে গুলি চালিয়ে পালিয়ে যায়। তাঁর মাথা ভেদ করে গুলি বেরিয়ে যায়। তৎক্ষণাৎ পরিবারের লোকেরা তাকে দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে, হাসপাতালের অভিযোগ পেয়ে দিনহাটা থানার পুলিশ মৃতদেহ থানায় নিয়ে যায়। মঙ্গলবার দেহ ময়নাতদন্তের জন্য কোচবিহার মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়। পাশাপাশি ঘটনার খবর পেয়ে সিতাই থানার আইসি সৌর্যদীপ্ত ভট্টাচার্য, দিনহাটা থানার আইসি সঞ্জয় দত্ত ও দিনহাটার এসডিপিও মানবেন্দ্র দাস ঘটনাস্থলে পৌঁছান। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে। পুজোর মরশুমে খুনের ঘটনায় আতঙ্কিত এলাকা।

দক্ষিণ ছাড়িয়ে জনপ্রিয়তা উত্তরের জেলায়

উত্তরবঙ্গে পুজোয় শুভেচ্ছা বার্তা শুভেন্দু অনুগামীদের

দুরন্ত বার্তা, বালুরঘাট, ২৭ অক্টোবর ঃ শুভেন্দু অধিকারীকে নিয়ে সিঁদুরে মেঘ দেখছে তৃণমূল কংগ্রেস। তাঁর জনপ্রিয়তা বাড়তে বাড়তে এখন গোটা রাজ্যেই বিস্তার লাভ করেছে। একুশের নির্বাচনের আগে একটার পর একটা জেলা থেকে তাঁর অনুগামীদের কার্যকলাপ সামনে আসতেই তৃণমূলের ঘুম ছুটেছে। সম্প্রতি তৃণমূলের সঙ্গে দূরত্ব বাড়ার পর শুভেন্দুর অনুগামীরা যেভাবে সমান্তরাল জনসংযোগ চালাচ্ছে, তাতেই আলোড়ন পড়ে গিয়েছে রাজ্য রাজনীতিতে। ২০২১ নির্বাচনের আগে তৃণমূল সাংগঠনিক রদবদলের পর থেকেই শুভেন্দু অধিকারীর সঙ্গে দূরত্ব বজায় রেখে চলছে তৃণমূল। তৃণমূলের কর্মসূচিতে তাঁকে সক্রিয় হতে দেখা যাচ্ছে না। এরই মধ্যে তাঁর অনুগামীরা সমান্তরাল প্রচার চালাচ্ছে। আর এই দূরত্ব বৃদ্ধি নিয়ে শুভেন্দু নিজেও স্পষ্ট করে কোনও কিছু বলছেন না, তাতেই জল্পনার পারদ দ্বিগুণ হয়েছে। সম্প্রতি পূর্ব মেদিনীপুর বা পশ্চিম মেদিনীপুর ছাড়িয়ে শুভেন্দুর অনুগামীরা সরব হয়েছেন সুদূর দক্ষিণ দিনাজপুরে। বালুরঘাটে শুভেন্দুর ছবি ও নাম দিয়ে শারদীয়া দুর্গোৎসব, দীপাবলি ও ছটপুজোর শুভেচ্ছা ও অভিনন্দন জানানোর জন্য রাস্তায় ছেয়ে গিয়েছে হোর্ডিংয়ে। শুভেন্দুর এই জনপ্রিয়তা দেখেই তৃণমূলের একাংশ চিন্তিত। শুভেন্দু অধিকারীকে যখন যে দায়িত্ব দেওয়া হয়েছে, তা মাথা নত করে পালন করেছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ কখনও অমান্য করেননি। বহুক্ষেত্রেই তিনি তৃণমূলের ত্রাণকর্তা হয়ে উঠেছিলেন। কিন্তু অনুগামীদের দাবি সাম্প্রতি রদবদলে তাঁর গুরুত্ব কমিয়ে দেওয়া হয়েছে। তিনি যোগ্যতাসম্মত পদও পাননি তৃণমূলে। সেই থেকেই দুই মেদিনীপুর পেরিয়ে ঝাড়গ্রাম সহ জঙ্গলমহলের বিভিন্ন এলাকা, মুর্শিদাবাদের তাঁর অনুগামীরা সরব হয়েছেন। এরপর দেখা গেল দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে শুভেন্দুর সমর্থনে পোস্টার-ব্যানারে ছয়লাপ হতে। এতদিন দক্ষিণ দিনাজপুর বিপ্লব মিত্র, শঙ্কর চক্রবর্তী, অর্পিতা ঘোষ হালে গৌতম দাসদের অনুগামীদের দেখেছে। কিন্তু এখানেও যে শুভেন্দুর অনুগামী রয়েছে তা ভাবেনি কেউ। শুভেন্দু ২০১৯-এর প্রাক্কালে দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম ছাড়াও মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুরের পর্যবেক্ষক ছিলেন। সেখানে শুভেন্দু অনুগামী তৈরি হওয়া স্বাভাবিক। কিন্তু শুভেন্দু অনুগামী যে দক্ষিণ দিনাজপুরের মতো অনেক জেলাতেই বেড়ে উঠেছে, তা ভেবেই এবার তৃণমূল কংগ্রেসের একাংশ প্রমাদ গুণছে। শুভেন্দু অধিকারীর অনুগামী দেখা গেছে মালদা জেলাতেও। মমতার দলে যোগ্য গুরুত্ব না পেয়ে তিনি দূরত্ব রেখে চলতে শুরু করেছিলেন। প্রায় দু'মাস এভাবে চলার পর কর্মীসভায় সম্প্রতি প্রশ্ন উঠে গিয়েছে শুভেন্দু অধিকারীর রাজনৈতিক অবস্থান নিয়ে। ভরা কর্মীসভায় শুভেন্দু ঘনিষ্ঠ বিধায়ককে সইতে হয়েছে নানা প্রশ্নবাণ। কিন্তু শুভেন্দুর জনপ্রিয়তা যেভাবে বেড়ে চলেছে, তাতে তাকে অবহেলা করা বুমেরাং হতে পারে তৃণমূলের। সম্প্রতি শুভেন্দুর দলহীন জনসংযোগ চালিয়ে যাচ্ছেন। এরই মাঝে তিনি কয়েকবার বার্তা দিয়েছেন, তাঁর দায়বদ্ধতার কথা জানিয়েছেন। কিন্তু সেভাবে তৃণমূল শীর্ষ নেতৃত্বের সঙ্গে একমঞ্চে আসেননি শুভেন্দু। ফলে ফারাকটা রয়েই গিয়েছে। আরও জল্পনা বাড়ছে, শুভেন্দু মুখ না খোলায়। দলেও নেতারা ধন্দে পড়েছেন শুভেন্দুকে নিয়ে। তারপর শুভেন্দুর পাশাপাশি মমতা বন্দ্যোপাধ্যায়ের নীরব থাকাও বড় সংকট ডেকে আনছে। তৃণমূলের একাংশের দাবি, এবার মমতা বন্দ্যোপাধ্যায় বা শুভেন্দু অধিকারী স্পষ্ট করুক, দলে তাঁর অবস্থানটা ঠিক কী! সম্প্রতি ভরা কর্মীসভায় অঞ্চল তৃণমূল সভাপতি অপরেশ সাঁতরা শাসক দলের বিধায়ক অর্ধেন্দু মাইতিকে প্রশ্ন করে বসেন তা নিয়ে। তাঁর প্রশ্ন শুনে থ হয়ে যান বিধায়কও। কর্মীসভায় শোরগোল পড়ে যায়।

সামান্য অর্থের লোভে কাঠামো সংগ্রহ

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৭ অক্টোবর ঃ সামান্য কিছু উপার্জনের আশায় নদী দূষন রোধ করছেন রায়গঞ্জের দুটি নিরঞ্জন ঘাট বন্দর এবং খরমুজাঘাটের কয়েকজন যুবক। প্রতিবছরই তারা এভাবেই জলে থেকে কাঠামো সংগ্রহ করেন। পুজো শেষ। শেষ দশমীর প্রতিম বিসর্জনের পালাও। রায়গঞ্জ পৌরসভার পক্ষ থেকে ঘাটগুলিতে প্রতিমা নিরঞ্জনের ঘাট সহায়ক রাখা হয়েছিল। যাদের কাজ বিভিন্ন ক্লাব এবং বারোয়ারি পুজোর প্রতিমা এলে তারা প্রতিমা নিয়ে নদীতে নিরঞ্জন করে দেবেন। আর নদীতে যে প্রচুর পরিমানে প্রতিমা নিরঞ্জন হচ্ছে সে গুলো কে সরাবে। এই কাঠামো খড় নদীতে থাকলে নদীর জল দূষিত হয়ে যাবে। নদী দূষনের হাত থেকে বাঁচানোর জন্য নদীর জলে ছোটাছুটি করছে কয়েকজন যুবক। যে আগে এই কাঠামো ধরবে তারই হবে পুরোটা। যতক্ষন প্রতিমা নিরঞ্জন হবে ততক্ষন এরা নদীর জলেই থাকবে। প্রতিমাগুলোকে জলে রেখে দেবে। সকাল হলে সেই প্রতিমার কাঠামোগুলো জল থেকে তুলে আনবে। কারন দেবী বিসর্জনের পর কাঠামোগুলি বিক্রি করে হাতে আসে বাড়তি কিছু পয়সা। এছাড়াও নদী সংলগ্ন এলাকায় বাড়ি হওয়ায় বর্ষার সময় নদীর জলস্ফীতিতে বাড়িঘর ভেঙ্গে যায়। এই কাঠামোর কাঠ দিয়ে বাড়ি সারাই করে নেন। অবশিষ্ট কাঠামো বিক্রি করে কিছু অর্থ উপার্জন হয়। তাই বছরের এই দিনটির দিকে তাকিয়ে থাকেন পাপাই, সুমনের মত বেশ কয়েকজন। কঠামো সংগ্রাহক সুমন রায় জানান, দীর্ঘ লকডাউনের কারনে তারা চরম আর্থিক সংকটের মধ্যে পড়েছেন। এই এলাকার মানুষ দিন আনা-দিন খাওয়া পরিবারের সংখ্যা বেশী।

চিকিৎসকের মৃত্যু

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৭ অক্টোবর ঃ মঙ্গলবার ভোরে প্রত্যেক দিনের মত প্রাতঃভ্রমণে বেরিয়েছিলেন গৌরবাজার এলাকার এক হাতুড়ে চিকিৎসক অরুন পাল (৩৫)। স্থানীয় সূত্রে জানা যায়, অরুনবাবু ভোর ৪ টে নাগাদ গৌবাজার থেকে শ্রীকৃষ্ণপুরের দিকে প্রাতঃভ্রমণ করছিলেন। ঠিক সেই সময় গৌরবাজারের দিক থেকে আসা একটা ছোট হাতি গাড়ি তাঁকে পিছন থেকে ধাক্কা মারে, ফলে গুরুতর ভাবে জখম হন তিনি। গৌরবাজার গ্রামের মানুষজন খবর পেয়ে তাঁকে দুর্গাপুর মহকুমা হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এদিকে, ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে ঘাতক গাড়ির চালক গাড়ি ফেলে পালিয়ে যান। লাউদোহার ফরিদপুর থানার পুলিশ গিয়ে ঘাতক গাড়িটিকে আটক করে থানায় নিয়ে আসে। এই ঘটনায় গৌরবাজার গ্রামে শোকের ছায়া নেমে এসেছে। ঘাতক গাড়ির চালকের সন্ধান শুরু করেছে পুলিশ।

করোনায় মৃত ২

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৭ অক্টোবর ঃ ২৪ ঘন্টার মধ্যে রায়গঞ্জে করোনা সংক্রামিত হয়ে দু'জনের মৃত্যু হল। রায়গঞ্জের কোভিড হাসপাতালে তাঁদের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, মৃতদের নাম বিমলরঞ্জন চক্রবর্তী (৭৬), বাড়ি রায়গঞ্জ শহরের রমেন্দ্রপল্লী এলাকায়। ২৫ অক্টোবর করোনা সংক্রমিত হয়ে তিনি রায়গঞ্জের কোভিড হাসপাতালে ভর্তি হন। সোমবার রাতে তাঁর মৃত্যু হয়েছে। অপরজনের নাম সুদর্শন মুখোপাধ্যায় (৪৭), বাড়ি কালিয়াগঞ্জ থানার রাধিকাপুর এলাকার নারায়ণপুর গ্রামে। বর্তমানে রায়গঞ্জের কোভিড হাসপাতালে ৩২ জন চিকিৎসাধীন।

ভান্ডানি পুজোয় মাতল রাজবংশী সম্প্রদায়

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৭ অক্টোবর ঃ দশমীর পর এবার রাজ্যে হচ্ছে না দুর্গাপুজোর কার্নিভাল। কিন্তু পুজোর পরও নতুন করে আয়োজনের আমেজ অব্যহত থাকে উত্তরের রাজবংশী সম্প্রদায়ের মধ্যে মা ভান্ডানি পুজোকে কেন্দ্র করে। এবছর দ্বিতীয় বর্ষে কোচবিহার জেলার নিশিগঞ্জ ২ গ্রাম পঞ্চায়েতের পূর্ব ভোগমারা গ্রামে অনুষ্ঠিত হচ্ছে ভান্ডানি পুজো। বনজঙ্গলে ঘেরা হিমালয়ের পাদদেশে মা ভান্ডানি আসলে বনদুর্গা। জঙ্গলে বাঘের হাত থেকে বাঁচতেই এই পুজোর আয়োজন বলে অনেকে মনে করেন। মা দুর্গা এখানে সিংহ বাহিনি নয়। বাঘের পিঠে সওয়ার হয়ে বনদুর্গা পুজিত হন। করোনা আবহে নিশিগঞ্জ পূর্ব ভোগমারা গ্রামে দ্বিতীয় বর্ষ ভান্ডানি পুজো উপলক্ষে অবশ্য লোকসংস্কৃতি উৎসব এবার হচ্ছে না। পূর্ব ভোগমারা গ্রামে ভান্ডানি পুজো কমিটির সম্পাদক ভুবেন ডাকুয়া বলেন, রাজবংশী অধ্যুষিত আমাদের গ্রামে গত বছর প্রথম ভান্ডানি পুজোর আয়োজন করা হয়। রাজবংশী কৃষ্টি সংস্কৃতিকে ধরে রাখতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। মঙ্গলবার একাদশী থেকে শুরু হয়েছে পুজো। মানুষের ভিড় এবার করোনা স্বাস্থ্যবিধি মেনে কিছুটা নিয়ন্ত্রণ করা হবে। মা দুর্গা কৈলাসে ফিরে যাওয়ার পথে ফের পুজো পান রাজবংশী গ্রামে এমনই লোককথা। সমতলে পুজো নিয়ে কৈলাসের পথে ডুয়ার্সের ঘন জঙ্গলে একদল বালককে বাঘের ভয় দেখান মা দুর্গা। বালকরা ভয় পেয়ে পুজোর আয়োজন করে। কেউ বলেন কৈলাসে ফিরেও মায়ের মন ব্যাথিত তাই ফের ফিরে আসেন হিমালয়ের পাদদেশে লোকদেবী হিসাবে আজও তাই ভক্তিভরে পুজিত হন মা ভান্ডানি। এই প্রতিমায় অসুর থাকেনা। মায়ের দশ হাতের পরিবর্তে এখানে চার হাত থাকে। কার্তিক, গনেশ, লক্ষী, সরস্বতী একই ভাবে দেখা যায়। স্থানীয় লোক সংস্কৃতির গবেষকদের মতে ৬০ বছর আগেও এই অঞ্চল বন জঙ্গলে পরিপূর্ণ ছিল। কোচবিহারের বিভিন্ন গ্রামে ছিল বাঘের উপস্থিতি। অরণ্যের জীব জন্তুদের, বিশেষ করে বাঘের হাত থেকে বাঁচতে এই পুজোর আয়োজন শুরু হয় জেলার বিভিন্ন এলাকায়। বাতাসা, দুধ, কলা প্রসাদে দেওয়া হয়। এমনকি পায়রাও উড়িয়ে দেওয়া হয় মায়ের নামে। আবার কেউ মনে করেন, গ্রামের শস্য ভান্ডার মজুত রাখতেই মা ভান্ডানি পুজিত হয়। তবে ভান্ডানি পুজোর আয়োজন করতে ইতিমধ্যেই সকাল থেকেই তৎপরতা শুরু হয়ে গিয়েছে নিশিগঞ্জ পূর্ব ভোগমারা গ্রামের পুজো আয়োজকদের মধ্যে।

অণ্ডালে খনিতে ধস নেমে মৃত্যু হল এক শ্রমিকের

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৭ অক্টোবর ঃ অণ্ডালে খনিতে ধস নেমে এখনও পর্যন্ত একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তিনি ইসিএল কর্মী। গুরুতর জখম অবস্থায় দু'জনকে উদ্ধার করা গেছে। অণ্ডালের পরাশকোল কোলিয়ারিতে কয়াল উত্তোলনের পর ফাঁকা জায়গায় বালি প্যাক করার সময় দুর্ঘটনা ঘটে। জানা গিয়েছে, গোপাল গোপ (৪২) নামে ওই কর্মী ঘটনাস্থলেই মারা যান। এখনও পর্যন্ত খনির নিচেই দেহ আছে। ঘটনায় কোলিয়ারির কাজ বন্ধ করে বিক্ষোভ দেখায় শ্রমিকরা। কোলিয়ারি কর্তৃপক্ষের গাফিলতির কারণেই এই ধরনের দুর্ঘটনা বলে জানায় শ্রমিক সংগঠনগুলো। কোলিয়ারি কর্তৃপক্ষের বক্তব্য, আমরা প্রকৃতির বিরুদ্ধে কাজ করি। এই ধরনের দুর্ঘটনা মাঝে মাঝে হয়। চেষ্টা হবে এই ধরনের দুর্ঘটনা যাতে না ঘটে। শ্রমিকদের দাবি, কাজ বন্ধ রেখে পরীক্ষা করতে হবে খনিগর্ভ, নিরাপত্তা সুনিশ্চিত করতে। দু'দিন বন্ধ ছিল খনি। আজ উৎপাদন শুরু করার আগে সুরক্ষা খতিয়ে দেখে কাজ চালু করা উচিত ছিল বলে জানিয়েছিলেন শ্রমিকরা। কিন্তু তা না করেই কাজ শুরু করে দেওয়া হয় বলে অভিযোগ। বারবার খনি ধস। আতঙ্কে দিন কাটে দক্ষিণবঙ্গের কয়লা অঞ্চলের। বেআইনি কয়লা উত্তোলনে বারবার ডেকে এনেছে মৃত্যু। অভিযোগ ওঠে অবৈধ খনিতে চাপা পড়ে মৃত্যু হলে সেই ঘটনা আর প্রকাশ্যে আসে না। অভিযোগ মৃতদেহ পর্যন্ত লোপাট করে দেয় কয়লার অবৈধ কারবারীরা। শুধু অবৈধ কয়লা খনিতেও নয় সরকারি খনিতেও দুর্ঘটনায় মৃত্যু হয়। মঙ্গলবার তেমনই দুর্ঘটনা হয়েছে অণ্ডালের পরাশকোল কোলিয়ারিতে। মাসখানেক আগেই অণ্ডালে খনি ধসে দুর্ঘটনার কবলে পড়ে একটি আবাসন। পাণ্ডবেশ্বরে খোট্টাডিহিতে ২০১৮-র খনি ধসে দু'জনের মৃত্যু হয়। বাঁকুড়ার বড়জোড়ায় খনি ধসে ২০১৯ সালে মারা গেছেন তিনজন। দুর্ঘটনা বারবার ঘটছে। কিন্তু কেন ধস নামে। কয়লা খনিতে মাঝে মাঝে পিলার রাখা হয়। কিন্তু উৎপাদন বাড়ানোর নামে সেই পিলারও নিয়ম না মেনে কাটা হয়। কখনও আবার চোর পিলার কেটে নিয়ে যায়। ফলে ধস নামে। মৃত্যু হয়। কয়লা খনি জাতীয়করণের আগে বেসরকারি মালিকরা কয়লা তুলে বালি ভরাটের কথা থাকলেও বালি ভরাট করেনি। আবার কখনও সরকারি সংস্থাগুলি বালি ভরাটের নামে বিল করলেও বালি ঠিক মতো ভরে না বলে অভিযোগ। ফলে বহু জায়গায় ধস নামে। কয়লা মাফিয়ারা র‍্যাট হোল সুড়ঙ্গের মধ্যে ঢুকে কয়লা কাটে, ফলে ধস নামে। ধসের কারণ সবাই জানে। কিন্তু ধস আটকাতে ব্যবস্থা নেওয়া হয় না। শুধু বছর বছর মৃত্যুর খবর আসে।

সীমান্তে দাঁড়িয়ে বিসর্জনে মিলে গেল দু'পার বাংলা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৭ অক্টোবর ঃ কাঁটাতারের বেড়ার ওপারে দাঁড়িয়ে দূর থেকে এবারও পড়শী দেশের বিসর্জনের আনন্দ উপভোগ করতে ভুললেন না বাংলাদেশের মানুষজন। মঙ্গলবার সকাল থেকে এই দৃশ্য চোখে পড়ল কোচবিহার জেলার মেখলিগঞ্জ ব্লকের বাগডোকরা-ফুলকাডাবরি গ্রামপঞ্চায়েতের বাংলাদেশ সীমান্তবর্তী ৫৬ হেমকুমারী গোলাপাড়া গ্রামে। এই গ্রামে এবার ছিল মায়ের আগমনের দ্বিতীয়তম বর্ষ। যদিও মাঝে কাঁটাতারের বেড়া এবং সীমান্তরক্ষী বাহিনীর নজরদারির কারণে এপারে এসে পুজো দেখা সম্ভব হয়নি ওপারের মানুষদের। তবে পুজোর প্রতিদিনই ঢিলছোড়া দূরত্বে বসে ওপারের মানুষজন এপারের পূজানুষ্ঠানের দৃশ্য দেখার চেষ্টা করেছেন। বিসর্জনেও দুপারেই নাচলেন দুই দেশের মানুষজন। কাঁটাতারের বেড়ার ফাঁক দিয়ে চলল শুভেচ্ছা বিনিময়ের পালাও। যার স্বাক্ষী থাকলেন সীমান্তের বিএসএফ জওয়ানরাও। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওপারের বাঁশকাটা এবং ওই এলাকার আশেপাশে কোনও দুর্গাপূজা হয়না। পুজো দেখতে হলে পাটগ্রামে যেতে হয়। তাই এপারের ভারতের দুর্গাপূজার আনন্দ দূর থেকে তাঁরাও উপভোগ করেছেন গত কয়েক বছর থেকেই। তবে প্রতিমা বিসর্জনের আনন্দের পাশাপাশি এবারও কাঁদলেন গ্রামের অনেকে। দুই ব্যাবসায়ীর সহযোগিতায় দু'বছর আগে এই গ্রামে প্রথম পুজো হয়। সেইভাবে এবারও মায়ের পদার্পণ ঘটেছিল। এরপর মাকে বিসর্জন দিতে হল। তাই মন খারাপ। স্থানীয় গ্রামপঞ্চায়েত সদস্য তথা পুজোর অন্যতম আয়োজক রঞ্জন রায় বলেন, দুর্গা পুজোর আনন্দ তাঁরা উপভোগ করেছেন। তবে করোনা পরিস্থিতির কথা মাথায় রেখে যাবতীয় স্বাস্থ্যবিধি মেনে এবার তাঁরা মা দুর্গার আরাধনায় সামিল হয়েছিলেন। মায়ের বিদায় বেলায় এবারও মন খারাপ হয়েছে তাদের অনেকের। উল্লেখ্য, বাংলাদেশ সীমান্তবর্তী বাগডোকরা-ফুলকাডাবরি গ্রাম পঞ্চায়েতের ৫৬ হেমকুমারি এই গোলাপাড়া গ্রামে অর্থাভাবে আগে দুর্গা পুজো হয়নি। তিন বছর ধরে দুর্গা পুজোর আয়োজন করা হচ্ছে। চারদিক বাংলাদেশ সীমান্ত দিয়ে ঘেরা গ্রামের অধিকাংশ মানুষের আর্থিক অবস্থা খারাপ। ষোলো আনা মানুষই কৃষিকাজের উপর নির্ভরশীল। তাতেও খুব একটা লাভের মুখ দেখা সম্ভব হয় না। গ্রামের অর্থনৈতিক অবস্থা খারাপ থাকার কারণে প্রশাসনের তরফে, বাম আমলে গ্রামটিকে অনুন্নত গ্রাম হিসেবে ঘোষণাও করা হয়েছিল। এই অবস্থায় তাদের গ্রামে আগে দুর্গা পুজো করা সম্ভব হচ্ছিল না। পুজোর আনন্দে পুজোর কটা দিন মেতে উঠেছিলেন এই সীমান্ত এলাকার মানুষেরা। বিসর্জনের আনন্দেও সামিল হলেন অনেকে। কাঁটাতারের বেড়ার ভেতর থেকে মা দুর্গাকে ট্রাক্টরে চাপিয়ে নিয়ে এসে দূরবর্তী মেখলিগঞ্জ শহরের তিস্তা নদীতে বিসর্জন দিয়েছেন। কাঁটাতারের বেড়ার পাশ দিয়ে বিসর্জনের উদ্দেশ্যে প্রতিমা নিয়ে আসার সময় বেড়ার ওপারে দাঁড়িয়ে নাচতে দেখা গিয়েছে বাংলাদেশের অনেক কচিকাঁচাদেরও।

অকাল বৃষ্টিতে ব্যাপক ক্ষতি ধানচাষে

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৭ অক্টোবর ঃ অকালবৃষ্টিতে আলিপুরদুয়ার জেলার মাদারিহাট, ফালাকাটা, কুমারগ্রাম সহ বিভিন্ন এলাকার ধানচাষিরা ক্ষতির মুখে পড়েছেন। বিক্ষিপ্তভাবে জেলার বিভিন্ন এলাকায় ধানগাছগুলি নুয়ে মাটিতে পড়ে থাকতে দেখা গিয়েছে। জেলা কৃষি দপ্তর সূত্রে জানানো হয়েছে, বৃষ্টি খুব অল্প পরিমাণে হয়েছে। তাই বেশি ক্ষতির আশঙ্কাও নেই। জেলা কৃষি দপ্তর সূত্রের খবর, পুজোর রাতে আলিপুরদুয়ার জেলায় গড়ে ২২ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। তবে মাঠে রোপণ করা ধানের একটা বড় অংশই পরিপক্ক হওয়ার মুখে। তাই এই সময় বৃষ্টিতে ক্ষতির আশঙ্কা তুলনামূলকভাবে কম। কৃষকরা অবশ্য অন্য কথা বলছেন। মাদারিহাট বীরপাড়া ব্লকের খয়েরবাড়ি গ্রামপঞ্চায়েত এলাকায় বিঘার পর বিঘা জমির ধানগাছগুলি মাটিতে পড়ে যেতে দেখা গিয়েছে। এলাকার কৃষক জাকির হোসেন বলেন, যে জমির ধানগাছগুলি মাটিতে নুয়ে পড়েছে সেগুলিতে উৎপাদিত ধানের বড়জোর তিনভাগের একভাগ ধান ঘরে তোলা সম্ভব হবে। এবার অল্প বৃষ্টি হলেও ধানগাছগুলি মাটিতে পড়ে যাওয়ায় বিরাট ক্ষতি হয়ে গেল। ফালাকাটা ব্লকের পূর্ব দেওগাঁওয়ের কৃষক বাহারুল ইসলাম বলেন, দানা শক্ত হয়নি এমন অনেক ধানগাছ সম্প্রতি বৃষ্টিতে মাটিতে নুয়ে পড়েছে। ফলে ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা বেশি। এছাড়া যে গাছের ধান পেকেছে সেগুলি বৃষ্টিতে নুয়ে মাটিতে পড়ায় ধানগুলি ঝরে পড়ে যাচ্ছে। প্রসঙ্গত, খয়েরবাড়ি বনাঞ্চল লাগোয়া এলাকায় যে ক্ষেতের ধানগাছগুলি নুয়ে মাটিতে পড়েছে সেখানে ঝাঁপিয়ে পড়েছে বন থেকে বেরিয়ে আসা টিয়াপাখির ঝাঁক। হাজার হাজার পাখি সাবাড় করে চলেছে বিঘার পর বিঘা জমির ধান। কুমারগ্রাম ব্লকেও দেখা গিয়েছে বিঘার পর বিঘা জমির ধানগাছগুলি নুয়ে মাটিতে পড়েছে। এতে ফসল তোলার আগে তাদের লোকসানের মুখে পড়তে হল বলে আক্ষেপ করেছেন কামাখ্যাগুড়ি এলাকার অনেক ধানচাষি। এই প্রসঙ্গে, আলিপুরদুয়ারের জেলার কৃষি অধিকর্তা হরিশ রায় বলেন, অল্প বৃষ্টি হওয়ায় তেমন কোনও ক্ষয়ক্ষতির খবর মেলেনি। শিষের ভারে অনেক সময় ধানগাছ নুয়ে মাটিতে পড়ে। কিন্তু এক্ষেত্রে কতটা ক্ষতি হতে পারে তা প্রত্যক্ষ না করে বলা মুশকিল।

উদ্ধার বিরল কচ্ছপ

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৭ অক্টোবর ঃ হলুদ রঙের 'ইন্ডিয়ান সফট শেল টার্টল' উদ্ধার হল বর্ধমান ১ ব্লকের কলিগ্রামে। বর্ধমান সোসাইটি ফর অ্যানিম্যাল ওয়েলফেয়ারের সদস্য অর্ণব দাস জানিয়েছেন, কলিগ্রাম দাসপুর ভিটা এলাকার বাসিন্দা বামদেব ভট্টাচার্য গত পরশু পুকুরে মাছ ধরার সময় তাঁর জালে ধরা পড়ে হলুদ রঙের একটি কচ্ছপ। কচ্ছপটি বামদেববাবু বাড়ি নিয়ে যান। এবং কচ্ছপটিকে কী করা যায় সে বিষয়ে তিনি এবং তাঁর পরিবারের সদস্যদের পক্ষ থেকে নানান জনের সাথে আলোচনা করতে থাকেন। বর্ধমান সোসাইটি ফর অ্যানিম্যাল ওয়েলফেয়ারের সদস্যরা ঘটনার কথা জানতে পেরে বামদেববাবুর কাছ থেকে হলুদ রঙের কচ্ছপটি নিয়ে আসেন। অর্ণব দাস জানিয়েছেন, কচ্ছপটির দেহে কিছু আঘাতের চিহ্ন রয়েছে। চিকিৎসা করা হবে। তারপর বনদফতরের হাতে তুলে দেওয়া হবে হলুদ রঙের কচ্ছপটি। তিনি জানিয়েছেন, এটা আলাদা কোনও প্রজাতি নয়। ইন্ডিয়ান সফট শেল টার্টল। বছর দেড়েকের এই মেয়ে কচ্ছপটির শারীরিক কিছু সমস্যার জন্য হলুদ রঙের হয়েছে। তবে এর হলুদ রঙের কচ্ছপ খুবই বিরল। এর আগে ওড়িশায় একটা এই রকম কচ্ছপ উদ্ধার হয়েছিল।' মেলানিন কম বা মিউটেশনের জন্য এই রকম হতে পারে বলে জানিয়েছেন তিনি। এদিন বর্ধমান বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, চলতি বছরের জুলাই মাসে ওড়িশার বালাসোরের সৈকত থেকে এমন অতি বিরল প্রজাতির কচ্ছপ উদ্ধার হয়েছিল। তবে বর্তমানে এই ধরনের কচ্ছপের দেখা পাওয়া অতি বিরল ঘটনা বললে ভুল হবে না।

ট্রেনের ধাক্কায় মৃত

দুরন্ত বার্তা, ডালখোলা, ২৭ অক্টোবর ঃ উত্তর দিনাজপুরের সূর্যকমল রেল স্টেশন সংলগ্ন ডাউন লাইনে ট্রেনের ধাক্কায় মৃত্যু হল এক যুবকের। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার ভোর পাঁচটা নাগাদ। সূর্যকমল স্টেশনের কাছে ডাউন লাইন দিয়ে যাওয়া একটি মাল ট্রেনের ধাক্কায় মৃত্যু হয় ওই যুবকের। ডালখোলা জিআরপিএফ সূত্রে খবর, মৃতের নাম প্রতাপ বিশ্বাস (৩৮)। তার বাড়ি ডালখোলা থানার কমলপুর এলাকায়। ডালখোলা জিআরপিএফ থানার ওসি চন্দন রায় বলেন, এদিন ভোরে ডাউন লাইন দিয়ে যাওয়া একটি মাল ট্রেনের ধাক্কায় কমলপুর নিবাসী ওই যুবকের মৃত্যু হয়েছে। ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। পুরো ঘট